

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর'২১)
পরিবীক্ষণ সভার কার্যবিবরণী।

সভাপতি	কে এম আবদুল ওয়াদুদ পরিচালক
সভার তারিখ	০৫ অক্টোবর, মঙ্গলবার, ২০২১।
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা।
স্থান	বাহাজউঅ সভাকক্ষ।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানান এবং অধিদপ্তরের উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) কে আলোচনার আহবান জানান। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ২০২১-২২ এর কর্মপরিকল্পনা বাস্তবায়নে এটি ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর'২১) পরিবীক্ষণ সভা। সভাপতি মহোদয় বলেন, চলতি অর্থ বছরের গত জুলাই মাসে প্রাপ্ত একটি অভিযোগ অধিদপ্তরের কাজের সাথে সংশ্লিষ্ট না হওয়ায় অন্য দপ্তরে প্রেরণ করা হয়; আগস্ট ও সেপ্টেম্বর মাসে অধিদপ্তরে অনলাইনে কিংবা ম্যানুয়াল পদ্ধতিতে কোন অভিযোগ পাওয়া যায়নি। তিনি আরো বলেন, অনলাইন কিংবা ম্যানুয়াল পদ্ধতিতে কোন অভিযোগ পাওয়া গেলে তা নিদিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করা হয়। যদি এমন কোন অভিযোগ পাওয়া যায় যা অধিদপ্তরের কাজের সাথে সংশ্লিষ্ট না সে ক্ষেত্রে প্রাপ্ত অভিযোগটি অন্য দপ্তরে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ


- ১। অনলাইন কিংবা ম্যানুয়াল পদ্ধতিতে কোন অভিযোগ পাওয়া গেলে তা নিদিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।
- ২। অধিদপ্তরের কাজের সাথে সংশ্লিষ্ট না এমন কোন অভিযোগ পাওয়া গেলে তা নিদিষ্ট সময়ের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে।
- ৩। মাসিক এবং ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কে এম আবদুল ওয়াদুদ
পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, পরিকল্পনা, আইসিটি বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ২) পরিচালক, কৃষি, পানি ও পরিবেশ বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক, পরিকল্পনা অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৪) সহকারী পরিচালক, পরিকল্পনা ও পরিবীক্ষণ শাখা, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৫) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৭) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৮) ডাটা এন্ট্রি অপারেটর, আইসিটি শাখা, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।



নুরজাহান খানম
উপ-পরিচালক